গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............................................................ ৩

প্রস্তাবনা ............................................................ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ............................. ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............................................ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ............................................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............................................................ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ............................................................ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ............................................................ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ............................................ ১৪

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা শিক্ষার মানোন্নয়ন ও সম্প্রসারণের জন্য নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদানের অনুমতি, স্বীকৃতি, শিক্ষার্থী ভর্তি, শিক্ষার্থীদের নিবন্ধন প্রদান, পরীক্ষা গ্রহণ ও পরীক্ষার ফল প্রকাশ, ফল পুনঃনিরীক্ষণ এবং নম্বরপত্র ও সনদপত্র প্রদান ইত্যাদি সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করে থাকে। প্রতিবছর নির্ধারিত সময়ে জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষা শুরু করা হয়েছে। করোনা মহামারীর কারণে ২০২০ সালের এইচএসসি ও জেএসসি পরীক্ষা অনুষ্ঠিত না হলেও বোর্ডের সকল প্রস্তুতি যথাসময়ে সম্পন্ন করা হয়েছিল। বিগত ৩ বছরে ৩১৬টি শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি এবং ৬৪টি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান করা হয়েছে। বিগত ৩ সেশনে উচ্চমাধ্যমিক পর্যায়ে ৯৯২৭১৯ জন শিক্ষার্থীর অনলাইনে ভর্তি ও নিবন্ধন সম্পন্ন করা হয়েছে। ২০১৮ ও ২০১৯ সালে জেএসসি পরীক্ষায় ১০৬৯৫৫৯ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয় এবং ২০২০ সালে করোনা মহামারীর জন্য পরীক্ষা গ্রহণ করা সম্ভব না হওয়ায় বিশেষ আইন এর মাধ্যমে জেএসসি পরীক্ষায় ফরম পূরণকৃত ৬৬৫৭৪১ জন শিক্ষার্থীকে উত্তীর্ণ ঘোষণা করা হয়। ২০১৯ ও ২০২০ সালের এসএসসি পরীক্ষায় ৭৮৪১৯৭ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়। করোনা মহামারীর কারণে ২০২১ সালের এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের বিষয়ে এখনো সিদ্ধান্ত হয় নি। ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় ২৮০২৭২ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয় এবং ২০২০ সালে এইচএসসি পরীক্ষার ফরম পূরণকৃত ৩২৬০৯৮ জন শিক্ষার্থীকে উত্তীর্ণ ঘোষণা করা হয়। বোর্ডের সকল প্রকার ফি অনলাইন/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। ফলে বিশেষ প্রয়োজন ব্যতীত কোন সেবা গ্রহীতাকে বোর্ডে আসতে হয়নি।
যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ও মুজিব বর্ষ পালন করা হয়। বোর্ড ক্যাম্পাসে বঙ্গবন্ধুর ম্যুরাল ও কর্নার স্থাপন; বোর্ডের নিজস্ব অর্থায়নে ৭০টি স্কুল ও কলেজে বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল প্রতিষ্ঠানের (৫৫০০) সাব-ডোমেইন ডাইনামিক ওয়েবসাইট ফ্রেমওয়ার্ক তৈরি করা হয়েছে; সঠিকভাবে উত্তরপত্র মূল্যায়নের লক্ষ্যে ৫০০০ (পাঁচ হাজার) শিক্ষককে অনলাইনে প্রশিক্ষণ প্রদান ও ১০০০ (এক হাজার) প্রতিষ্ঠান প্রধানকে ওয়েব পোর্টাল সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

(১) করোনা মহামারীর কারণে প্রায় দেড় বছর শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থী ও শিক্ষকদের পাঠদান কার্যক্রম স্বাভাবিক অবস্থায় আবার ফিরিয়ে আনা; (২) করোনার কারণে শিক্ষার্থীদের ঝরে পড়ার হার কমিয়ে আনা; (৩) এছাড়াও বিদ্যমান চ্যালেঞ্জসমূহ যেমন- সৃজনশীল পদ্ধতির পাঠদান, প্রশ্নপত্র প্রণয়ন, পরিশোধন ও উত্তরপত্র মূল্যায়নে দক্ষ, প্রশিক্ষিত শিক্ষকের অভাব, দীর্ঘ সময়ব্যাপী পাবলিক পরীক্ষা গ্রহণ, সুষ্ঠুভাবে পাবলিক পরীক্ষা গ্রহণ, সর্বত্র তথ্য প্রযুক্তি নির্ভর সেবা পৌঁছানো, পাবলিক পরীক্ষায় সংযোজিত নতুন নতুন বিষয়ের শিক্ষকের স্বল্পতা, বিদ্যুৎবিহীন এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়টির পাঠদানের অনুমতি প্রদানে প্রতিবন্ধকতা, ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি অনুমোদন ও অন্যান্য বিষয়ে মামলা হওয়া এবং দক্ষ ও প্রশিক্ষিত জনবলের অভাব ইত্যাদি মোকাবিলা করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

তথ্যপ্রযুক্তির মাধ্যমে সেবা গ্রহীতাদের দোরগোড়ায় সকল সেবা পৌঁছে দেয়া এবং সেবাসমূহ সহজীকরণ, বোর্ডকে পেপারলেস অফিসে রূপান্তর, বোর্ডের নিজস্ব প্রেস নির্মাণ, বোর্ডের সকল তথ্য ডিজিটালাইজড্ করা, পরীক্ষার ফল নিজস্ব আর্কাইভে সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করা, বোর্ডের নিজস্ব ডাটা সেন্টার তৈরি ও ব্যবস্থাপনা, কর্মকর্তা- কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা, অগ্রসর/অনগ্রসর এলাকায় আরো নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান, ঢাকা শিক্ষা বোর্ডের সকল প্রকিউরমেন্ট অন-লাইনের মাধ্যমে সম্পাদন।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- (১) তথ্যপ্রযুক্তির উপর নির্ভর করে পরীক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন; (২) সকল প্রকিউরমেন্ট অনলাইনের মাধ্যমে সম্পাদন; (৩) তথ্যপ্রযুক্তির ব্যবহার করে সকল সেবা গ্রহীতার সাথে অনলাইনে যোগাযোগ; (৪) ই-ফাইলিং বাস্তবায়ন; (৫) তথ্য অধিকার আইনে নির্দিষ্ট সময়ে তথ্য প্রদান।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুলাই মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষার ভিত শক্তিশালীকরণে মানসম্মত শিক্ষা ও শিক্ষা ব্যবস্থাপনা নিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রবিধান প্রণয়ন, তদারকি, নিয়ন্ত্রণ, উন্নয়ন এবং শিক্ষার্থীদের সর্বোচ্চ জ্ঞান অর্জন, দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি ও মানসম্পন্ন কার্যকর সেবা প্রদানের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা ও শিক্ষা ব্যবস্থাপনা আধুনিকায়ন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. শিক্ষা ব্যবস্থাপনার মান উন্নয়ন;
২. তথ্য প্রযুক্তি নির্ভর সেবা প্রদান নিশ্চিতকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি ও স্বীকৃতি প্রদান; শিক্ষার্থীদের ভর্তি, নিবন্ধন ও সনদ প্রদান; জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষা পরিচালনা, ফল প্রকাশ, ফল পুনঃনিরীক্ষণ; একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদ প্রদান বা বাতিল; শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার জন্য ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি অনুমোদন; আপিল এন্ড আরবিট্রেশন; সমতুল্যতা নির্ধারণ (জেএসসি, এসএসসি ও এইচএসসি পর্যায়ের সনদের); নাম ও বয়স সংশোধন (আইন ও বিধি মোতাবেক); অনলাইনের মাধ্যমে আবেদন গ্রহণ করে তার সমাধান করা; সরকারি নীতিমালার ভিত্তিতে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের ফল প্রক্রিয়াকরণ এবং উত্তরপত্র মূল্যায়ন সম্পর্কিত বিষয়ে অনলাইনে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| শিক্ষা ব্যবস্থাপনার মান উন্নয়ন | স্বীকৃতি নবায়নকৃত প্রতিষ্ঠানের হার | শতকরা | ৭০% | ৭৫% | ৮০% | ৮৫% | ৯০% | - | ঢাকা শিক্ষা বোর্ডের তথ্য ভান্ডার/ ব্যানবেইস |
| | একাদশ শ্রেণিতে অনলাইনে শিক্ষার্থী ভর্তির হার | শতকরা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) | ঢাকা শিক্ষা বোর্ডের তথ্য ভান্ডার/ ব্যানবেইস |
| | ৮ম, ৯ম ও ১১শ শ্রেণির শিক্ষার্থী নিবন্ধনের হার | শতকরা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | - | ঢাকা শিক্ষা বোর্ডের তথ্য ভান্ডার/ ব্যানবেইস |
| তথ্য প্রযুক্তির নির্ভর সেবা প্রদান ব্যবস্থাপনা গড়ে তোলা | আহ্বানকৃত ই-টেন্ডারিং | শতকরা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | - | ঢাকা শিক্ষা বোর্ডের তথ্য ভান্ডার/ ব্যানবেইস |
| | ডকুমেন্ট উত্তোলনের আবেদন অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তির হার | শতকরা | ৭০% | ৭৫% | ৮০% | ৮৫% | ৯০% | - | ঢাকা শিক্ষা বোর্ডের তথ্য ভান্ডার/ ব্যানবেইস |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] শিক্ষা ব্যবস্থাপনার মান উন্নয়ন; | ৫০ | [১.১] নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়ন | [১.১.১] স্বীকৃতি নবায়নকৃত প্রতিষ্ঠান | গড় | শতকরা | ১০ | ৭০ | ৭৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | ৮৫ | ৯০ |
| | | [১.২] মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি, গভর্নিং বডি ও এডহক কমিটি অনুমোদন | [১.২.১] অনুমোদনকৃত কমিটি | গড় | শতকরা | ১০ | ৭০ | ৭৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | ৮৫ | ৯০ |
| | | [১.৩] একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি | [১.৩.১] অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থী | গড় | শতকরা | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৪] অনলাইনে ৮ম ও ৯ম ও ১১শ শ্রেণির শিক্ষার্থী নিবন্ধন | [১.৪.১] অনলাইনে নিবন্ধনকৃত শিক্ষার্থী | গড় | শতকরা | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৫] শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | [১.৫.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | গড় | শতকরা | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| [২] তথ্য প্রযুক্তি নির্ভর সেবা প্রদান নিশ্চিতকরণ | ২০ | [২.১] ডকুমেন্ট উত্তোলনের আবেদন অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তিকরণ | [২.১.১] ডকুমেন্ট উত্তোলনের আবেদন অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তিকরণ | গড় | শতকরা | ১০ | ৭০ | ৭৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | ৮৫ | ৯০ |
| | | [২.২] ই-জিপির মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া বাস্তবায়ন | [২.২.১] ই-জিপির মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া বাস্তবায়ন | গড় | শতকরা | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা

তারিখ

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | BANBEIS | Bangladesh Bureau of Educational Information and Statistics |
| ২ | BEDU | Bangladesh Examination Development Unit |
| ৩ | NCTB | National Curriculum and Textbook Board |
| ৪ | SESIP | Secondary Education Sector Investment Program |
| ৫ | SHED | Secondary and Higher Education Division |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়ন | [১.১.১] স্বীকৃতি নবায়নকৃত প্রতিষ্ঠান | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর বিদ্যালয় ও কলেজ শাখা | অফিস আদেশ |
| [১.২] মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি, গভর্নিং বডি ও এডহক কমিটি অনুমোদন | [১.২.১] অনুমোদনকৃত কমিটি | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর বিদ্যালয় ও কলেজ শাখা | অফিস আদেশ |
| [১.৩] একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি | [১.৩.১] অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থী | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর কলেজ শাখা | সফটওয়্যার থেকে প্রাপ্ত তথ্য |
| [১.৪] অনলাইনে ৮ম ও ৯ম ও ১১শ শ্রেণির শিক্ষার্থী নিবন্ধন | [১.৪.১] অনলাইনে নিবন্ধনকৃত শিক্ষার্থী | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর বিদ্যালয় ও কলেজ শাখা | সফটওয়্যার থেকে প্রাপ্ত তথ্য |
| [১.৫] শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | [১.৫.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পরীক্ষা শাখা, বিদ্যালয় শাখা ও কলেজ শাখা | অফিস আদেশ |
| [২.১] ডকুমেন্ট উত্তোলনের আবেদন অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তিকরণ | [২.১.১] ডকুমেন্ট উত্তোলনের আবেদন অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তিকরণ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পরীক্ষা শাখা, বিদ্যালয় শাখা ও কলেজ শাখা | সফটওয়্যার থেকে প্রাপ্ত তথ্য |
| [২.২] ই-জিপির মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া বাস্তবায়ন | [২.২.১] ই-জিপির মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া বাস্তবায়ন | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর প্রশাসন শাখা ও সরবরাহ শাখা | বোর্ডের ওয়েবসাইট থেকে প্রাপ্ত তথ্য |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে পরিদর্শনের অনুমতি প্রদান। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ